

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়  
পরিকল্পনা শাখা-১।  
(www.mora.gov.bd)

নং-১৬.০০.০০০০.০০৮.০৮.০৪২.১৪/৭৮১

তারিখ : ১৩.১২.২০১৫ খ্রিঃ

বিষয় : ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় ২০১৫-১৬ অর্থ বছরের এডিপিভুক্ত প্রকল্পসমূহের অক্টোবর ২০১৫ মাসের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সচিব ড. চৌধুরী মোঃ বাবুল হাসান-এঁর সভাপতিত্বে গত ২৪/১১/২০১৫ খ্রিঃ তারিখে ২০১৫-১৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পসমূহের অক্টোবর ২০১৫ মাসের বাস্তবায়ন অগ্রগতির পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী প্রয়োজনীয় কার্যার্থে এতদসঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হ'ল। সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি ও নভেম্বর, ২০১৫ মাসের অগ্রগতির প্রতিবেদন নির্ধারিত ছকে পূরণ করে আগামী ২০/১২/২০১৫ তারিখের মধ্যে ০৩(তিন) প্রস্থ মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হ'ল।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক।

(শেখ শামছুর রহমান)  
সিনিয়র সহকারী প্রধান  
ফোন : ৯৫৭৭২৩৭।

E-mail : moragovbd@gmail.com

বিতরণ : কার্যার্থে (জ্যেষ্ঠাতাক্রমানুসারে নয়)।

- ০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
(দৃঃ আঃ উপ-সচিব, বাজেট শাখা-২৩)
- ০৩। অতিরিক্ত সচিব, প্রশাসন, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। যুগ্ম-সচিব(হজ্জ/উন্নয়ন/সংস্থা), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। মহাপরিচালক, শিক্ষা ও সামাজিক সেक्टर, শেরে বাংলা নগর, ঢাকা।
- ০৬। ওয়াকফ প্রশাসক, ওয়াকফ প্রশাসকের কার্যালয়, নিউ স্কটন, ঢাকা।
- ০৭। মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
- ০৮। যুগ্ম-প্রধান-২, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ০৯। যুগ্ম-প্রধান, শিক্ষা উইং, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ১০। পরিচালক-১০, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ১১। উপ-সচিব (উন্নয়ন/বাজেট), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১২। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৩। প্রকল্প পরিচালক, মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায় প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা।
- ১৪। প্রকল্প পরিচালক "প্যাগোডা ভিত্তিক প্রাক-প্রাথমিক শিক্ষা" শীর্ষক প্রকল্প, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
- ১৫। প্রকল্প পরিচালক, মসজিদ পাঠাগার সম্প্রসারণ ও শক্তিশালীকরণ প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা।
- ১৬। প্রকল্প পরিচালক, ইসলামী পুস্তক প্রকাশনা কার্যক্রম প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা।
- ১৭। সচিব, হিন্দু/বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
- ১৮। প্রকল্প পরিচালক, "মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৪র্থ পর্যায়" শীর্ষক প্রকল্প, ১/আই, পরিবাগ, ঢাকা।
- ১৯। প্রকল্প পরিচালক, "ধর্মীয় ও আর্থ-সামাজিক প্রেক্ষাপটে পুরোহিত ও সেবাইতদের দক্ষতাবৃদ্ধিকরণ" শীর্ষক প্রকল্প, ১/আই, পরিবাগ, ঢাকা।
- ২০। পরিচালক, পরিকল্পনা বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
- ২১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, সচিবালয় ভবন ৩য় ফেজ, সেগুন বাগিচা, ঢাকা।
- ২২। জনসংযোগ কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-১৬.০০.০০০০.০০৮.০৮.০৪২.১৪/৭৮১(৩)

তারিখ : ১৩.১২.২০১৫ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো।

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সহকারী প্রোগ্রামার, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
(সভার কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হ'ল)।
- ৩। যুগ্ম-সচিব(হজ্জ/সংস্থা/ প্রশাসন ও বাজেট/উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

(শেখ শামছুর রহমান)  
সিনিয়র সহকারী প্রধান।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়  
পরিকল্পনা শাখা-১।

বিষয় : ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় ২০১৫-১৬ অর্থ বছরের এডিপিভুক্ত প্রকল্পসমূহের অক্টোবর, ২০১৫ মাসের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

২৪/১১/২০১৫ খ্রিঃ তারিখে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষে ২০১৫-২০১৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পসমূহের অক্টোবর, ২০১৫ মাসের বাস্তবায়ন অগ্রগতির পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সচিব ড. চৌধুরী মোঃ বাবুল হাসান।

২। সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযোজিত।

৩। সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় অবহিত করা হয় যে, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় চলতি ২০১৫-২০১৬ অর্থ বছরের এডিপিতে অনুমোদিত ০৫টি এবং অননুমোদিত ১৬টি প্রকল্প অন্তর্ভুক্ত রয়েছে। এডিপিভুক্ত অনুমোদিত প্রকল্পসমূহের অনুকূলে চলতি অর্থ বছরে বরাদ্দ রয়েছে ২২৫৮৭.০০ লক্ষ টাকা। অক্টোবর, ২০১৫ পর্যন্ত অবমুক্ত হয়েছে ৬৩৪৬.৭৫ লক্ষ টাকা (২৮.০০%) এবং উক্ত সময় পর্যন্ত ব্যয় হয়েছে ৫৪৯৬.৬৫ লক্ষ টাকা (২৪.৩৩%)। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :-

| ক্রঃনং | আলোচনা  | সিদ্ধান্ত   | বাস্তবায়ন কর্তৃপক্ষ   |
|--------|---|---|--|
| ৩.১    | “মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায়” শীর্ষক প্রকল্প : সভায় জানানো হয় যে, “মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায়” শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক(অতিরিক্ত দায়িত্ব) বদলী হওয়ায় একজন পূর্ণকালীন প্রকল্প পরিচালক নিয়োগের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে অনুরোধ করা প্রয়োজন। এছাড়া, বিবেচ্য প্রকল্পের উপ-পরিচালক এর ২টি পদ প্রেষণে(ডিপার্টমেন্টাল) পূরণযোগ্য। উক্ত পদ ২টিতে নিয়োগ প্রদান করা হয়েছে কিনা সভাপতি মহোদয়ের প্রশ্নের জবাবে ইসলামিক ফাউন্ডেশনের সচিব জানান যে, ইসলামিক ফাউন্ডেশনের একজন উপ-পরিচালক এবং একজন সহকারী পরিচালক কে ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক উপ-পরিচালক পদ ২টিতে প্রেষণে নিয়োগ প্রদান করেছেন। সভাপতি ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক কিভাবে প্রেষণ মঞ্জুর করেন তা জানতে চান এবং প্রকল্পের উপ-পরিচালক এর ২টি পদ প্রেষণে ডিপার্টমেন্টাল কর্মকর্তা দ্বারা কিভাবে পূরণ হবে অর্থাৎ তাদের জনপ্রশাসন/প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক নিয়োগকৃত হবে কিনা সে বিষয়ে মতামত প্রদানের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে অনুরোধ জানানোর নির্দেশনা প্রদান করেন। এছাড়া, পূর্বের সভার সিদ্ধান্ত অনুযায়ী বাস্তবায়ন ও স্টিয়ারিং কমিটির সভা আহবান এবং “মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায়” শীর্ষক প্রকল্পে ২টি উপ-পরিচালক পদে (প্রেষণে) নিয়োগ সংক্রান্ত যাবতীয় কাগজপত্র মন্ত্রণালয়ে আগামী সভার পূর্বের প্রেরণ করার নির্দেশনা প্রদান করা হয়। | ক) “মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায়” শীর্ষক প্রকল্পের পূর্ণকালীন প্রকল্প পরিচালক নিয়োগের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে অনুরোধ জানাতে হবে।<br>খ) প্রকল্পের উপ-পরিচালক এর ২টি পদ প্রেষণে ডিপার্টমেন্টাল কর্মকর্তা দ্বারা কিভাবে পূরণ হবে অর্থাৎ তাদের জনপ্রশাসন/প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক নিয়োগকৃত হবে কিনা সে বিষয়ে মতামত প্রদানের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে অনুরোধ করতে হবে।<br>গ) পূর্বের সভার সিদ্ধান্ত অনুযায়ী “মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায়” শীর্ষক প্রকল্পে ২টি উপ-পরিচালক পদে (প্রেষণে) নিয়োগ সংক্রান্ত যাবতীয় কাগজপত্র মন্ত্রণালয়ে আগামী সভার পূর্বের প্রেরণ করতে হবে।<br>ঘ) প্রকল্পের বাস্তবায়ন ও স্টিয়ারিং কমিটির সভা আহবান করতে হবে। | ধবিম<br>ধবিম<br>মহাপরিচালক,<br>ইফা ও<br>প্রকল্প পরিচালক<br>এ |


(চলমান পৃঃ/২)

| ক্রঃনং | আলোচনা   | সিদ্ধান্ত  | বাস্তবায়ন কর্তৃপক্ষ                             |
|--------|--|--|--|
| ৩.২    | “মসজিদ পাঠাগার সম্প্রসারণ ও শক্তিশালীকরণ প্রকল্প : সভায় “মসজিদ পাঠাগার সম্প্রসারণ ও শক্তিশালীকরণ” প্রকল্পটির আওতায় পুস্তক ক্রয় এবং আলমারী নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করার উপর গুরুত্বারোপ করা হয়। এছাড়া, প্রকল্পের বাস্তবায়ন ও স্টিয়ারিং কমিটির সভা আহবান করার নির্দেশনা প্রদান করা হয়।   | ক) “মসজিদ পাঠাগার সম্প্রসারণ ও শক্তিশালীকরণ” শীর্ষক প্রকল্পের আওতায় পুস্তক ক্রয় এবং আলমারী নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।<br>খ) প্রকল্পের বাস্তবায়ন ও স্টিয়ারিং কমিটির সভা আহবান করতে হবে।  | মহাপরিচালক,<br>ইফা ও<br>প্রকল্প পরিচালক<br><br>ঐ |
| ৩.৩    | ইসলামী পুস্তক প্রকাশনা কার্যক্রম :<br>সভায় আলোচনা হয় যে, ইসলামী প্রকাশনা কার্যক্রম-২য় পর্যায় প্রকল্পটির পিইসি সভা ১৯/১১/২০১৪ তারিখে অনুষ্ঠিত হয়েছে। সভায় ইতোপূর্বে বাস্তবায়িত প্রকল্পের বিভিন্ন পর্যায়ে যে সকল কার্যক্রম সম্পাদন করা হয়েছে তা মূল্যায়ন পূর্বক একটি প্রতিবেদন আইএমইডি-কে প্রদান করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। আইএমইডি'র মূল্যায়ন প্রতিবেদন পাওয়া গেলে পুনরায় পিইসি সভা অনুষ্ঠিত হবে। সভাপতি আইএমইডি'র মূল্যায়ন প্রতিবেদন দ্রুত সম্পন্ন করার জন্য প্রচেষ্টা গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন। | ক) ইতোপূর্বে বাস্তবায়িত প্রকল্পের বিভিন্ন পর্যায়ে যে সকল কার্যক্রম সম্পাদন করা হয়েছে তা আইএমইডি কর্তৃক মূল্যায়ন দ্রুত সম্পন্ন করার জন্য ইসলামিক ফাউন্ডেশন প্রচেষ্টা গ্রহণ করবে।<br>খ) “ইসলামী পুস্তক প্রকাশনা কার্যক্রম-২য় পর্যায়” শীর্ষক প্রকল্পটি দ্রুত অনুমোদনের লক্ষ্যে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ রক্ষা করতে হবে। | মহাপরিচালক,<br>ইফা<br><br>ঐ                      |
| ৩.৪    | মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৪র্থ পর্যায় :<br>সভায় আলোচনা হয় যে, “মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৪র্থ পর্যায়” শীর্ষক প্রকল্পের আওতায় শূন্য পদে জনবল দ্রুত নিয়োগের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।  | ক) “মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৪র্থ পর্যায়” শীর্ষক প্রকল্পের আওতায় শূন্য পদে জনবল দ্রুত নিয়োগের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।   | প্রকল্প পরিচালক                                  |
| ৩.৫    | প্যাগোডা ভিত্তিক প্রাক-প্রাথমিক শিক্ষা :<br>সভায় “প্যাগোডা ভিত্তিক প্রাক-প্রাথমিক শিক্ষা” শীর্ষক প্রকল্পের আওতায় মটর সাইকেল ও শিক্ষা উপকরণ দ্রুত ক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।   | ক) “প্যাগোডা ভিত্তিক প্রাক-প্রাথমিক শিক্ষা” শীর্ষক প্রকল্পের আওতায় মটর সাইকেল ও শিক্ষা উপকরণ ক্রয় দ্রুত সম্পন্ন করতে হবে।  | প্রকল্প পরিচালক                                  |
| ৩.৬    | ধর্মীয় এবং আর্থ-সামাজিক প্রেক্ষাপটে পুরোহিত ও সেবাইতদের দক্ষতা বৃদ্ধিকরণ :<br>সভায় আলোচনা হয় যে, প্রকল্পের প্রধান কার্যালয় এবং খুলনা বিভাগীয় কার্যালয়সমূহের জন্য অফিস ভাড়া করার কার্যক্রম প্রায় চূড়ান্ত হয়েছে। প্রকল্পের জনবল নিয়োগের লক্ষ্যে নিয়োগ পরীক্ষা ১৮/১২/২০১৫ তারিখে অনুষ্ঠিত হবে। প্রশিক্ষণ মডিউল তৈরী করার জন্য টেন্ডার আহবান করা হবে।  | ক) প্রকল্পের প্রধান কার্যালয় এবং বিভাগীয় কার্যালয়সমূহের জন্য অফিস ভাড়া দ্রুত সম্পন্ন করতে হবে।<br>খ) প্রকল্পের জনবল নিয়োগ কার্যক্রম এবং প্রশিক্ষণ মডিউল দ্রুত সম্পন্ন করতে হবে।   | প্রকল্প পরিচালক<br><br>ঐ                         |

(চলমান পাতা/৩)

| ক্রঃনং | আলোচনা  | সিদ্ধান্ত  | বক্তব্যের কর্তৃপক্ষ        |
|--------|---|--|----------------------------|
| ৩.৭    | <p><u>অননুমোদিত নতুন প্রকল্প :</u><br/>জেলা ও উপজেলা পর্যায়ে মসজিদ কমপ্লেক্স নির্মাণ প্রকল্প : সভায় ইসলামিক ফাউন্ডেশনের পরিচালক, পরিকল্পনা জানান যে, স্থাপত্য অধিদপ্তর প্রকল্পটির নকশা প্রণয়ন পূর্বক প্রেরণ করেছে। উক্ত নকশা চূড়ান্তকরণের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর নিকট ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক সাক্ষাতের সময় প্রার্থনা করে প্রধানমন্ত্রীর কার্যালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। সভাপতি নকশা চূড়ান্ত করার জন্য মন্ত্রণালয় হতে প্রধানমন্ত্রীর কার্যালয়ে পত্র প্রেরণের নির্দেশনা প্রদান করেন।</p> | <p>ক) জেলা ও উপজেলা পর্যায়ে মসজিদ কমপ্লেক্স নির্মাণ প্রকল্পের নকশা চূড়ান্ত পূর্বক প্রকল্পটি অনুমোদনের লক্ষ্যে অন্যান্য কার্যক্রম গ্রহণ করতে হবে।</p>   | <p>মহাপরিচালক,<br/>ইফা</p> |
| ৩.৮    | <p><u>ওয়াক্ফ ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণ প্রকল্প :</u><br/>সভায় আলোচনা হয় যে, ওয়াক্ফ ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণের জন্য নিজস্ব অর্থায়নে প্রস্তাবকৃত “২০তলা ভীত বিশিষ্ট ২টি বেজমেন্ট ফ্লোরসহ ৫তলা ওয়াক্ফ ভবনের উর্ধ্বমুখী ৬ষ্ঠ, ৭ম ও ৮ম তলা নির্মাণ” শীর্ষক প্রকল্পের বিষয়ে চাহিত তথ্যাদি দ্রুত প্রেরণ এবং অর্থ বিভাগের সম্মতি গ্রহণের লক্ষ্যে প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।</p>   | <p>ক) “২০তলা ভীত বিশিষ্ট ২টি বেজমেন্ট ফ্লোরসহ ৫তলা ওয়াক্ফ ভবনের উর্ধ্বমুখী ৬ষ্ঠ, ৭ম ও ৮ম তলা নির্মাণ” শীর্ষক প্রকল্পের বিষয়ে চাহিত তথ্যাদি দ্রুত প্রেরণ এবং অর্থ বিভাগের সম্মতি গ্রহণের লক্ষ্যে প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।</p> | <p>ওয়াক্ফ প্রশাসক</p>     |

৪। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(ড. জৌধুরী মোঃ বাবুল হাসান)  
সচিব  
ও  
সভাপতি।